# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

## Bengali Text Bulletin

**Date: 30.07.2024** **Time: 7.35 A.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) ঝাড়খন্ডে রাজাখারসোয়ান ও বরাবাম্বু স্টেশনের মাঝে বেলাইন মুম্বই মুখী হাওড়া – সিএসএমটি এক্সপ্রেস। আহত বেশ কয়েকজন।

২) নীতি আয়োগের বৈঠকে মুখ্যমন্ত্রীর মাইক বন্ধ করে দেবার অভিযোগ তুলে বিধানসভায় শাসকদলের নিন্দা প্রস্তাব গৃহীত হয়েছে।

খুব শীঘ্রই ঘাটাল মাস্টার প্ল্যানের কাজ শুরু হবে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন।

৩) কলকাতা হাইকোর্ট, পূর্ব মেদিনীপুররে ময়নায় বিজেপি কর্মী খুনের মামলায় ৫ অভিযুক্তের আগাম জামিনের আবেদন খারিজ করে দিয়েছে।

৪) রেশন দুর্নীতির তদন্তে ইডি আজ রাজ্যে ১০ জায়গায় তল্লাশি শুরু করেছে।

৫) জয় দিয়ে ডুরান্ড কাপ অভিযান শুরু করেছে ইস্টবেঙ্গল।

---

পশ্চিমবঙ্গের রাঙাপানি এবং উত্তরপ্রদেশের গোন্দার রেশ কাটতে না কাটতেই আবারও দুর্ঘটনার কবলে রেল। ঝাড়খন্ডের চক্রধরপুর ডিভিশনের রাজখারসোয়ান এবং বরাবাম্বু স্টেশনের মাঝে আজ ভোর পৌনে চারটে নাগাদ হাওড়া থেকে ছেড়ে যাওয়া ১২৮১০ ছত্রপতি শিবাজী মহারাজ টার্মিনাস - সিএসএমটি এক্সপ্রেস বেলাইন হয়। ঘটনায় ৬ জন আহত হয়েছেন বলে প্রথামিকভাবে খবর। তবে বেসরকারি সূত্রে এই সংখ্যা বাড়তে পারে।

দুর্ঘটনার জেরে একটি বাতানুকুল কোচ লাইন ছেড়ে পাশের জমিতে উঠে যায়। রেলের পক্ষ থেকে জানানো হয়েছে, ইতোমধ্যেই চক্রধরপুর থেকে রিলিফ ট্রেন ঘটনাস্থলে যাচ্ছে। শুরু হয়েছে উদ্ধারকাজ।

এদিকে, গত দুমাসের মধ্যে বেশ কয়েকটি দুর্ঘটনায় রেলের সুরক্ষা নিয়ে প্রশ্ন উঠতে শুরু করেছে। ইতোমধ্যেই রেলের তরফ থেকে টাটানগর, চক্রধরপুর, রাউরকেল্লা, হাওড়া, রাঁচি, খড়গপুর, ছত্রপতি শিবাজী মহারাজ টার্মিনাস এবং মুম্বইয়ে বিশেষ হেল্প লাইন খোলা হয়েছে।

--------------------------------

নতুন দিল্লিতে শনিবার নীতি আয়োগের বৈঠকে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির মাইক বন্ধ করে দেবার অভিযোগ তুলে গতকাল বিধানসভায় শাসকদলের আনা নিন্দা প্রস্তাব গৃহীত হয়েছে। এই নিয়ে শাসক ও বিরোধী পক্ষের চাপান-উতোরে সভার পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। সভায় এর তীব্র বিরোধিতা করে বিজেপির মুখ্য সচেতক শঙ্কর ঘোষ বলেন, মুখ্যমন্ত্রীর মাইক বন্ধ করে দেবার অভিযোগ ঠিক নয়। প্রস্তাবের ওপর তৃণমূল কংগ্রেস সদস্যদের বক্তব্য চলাকালীনই মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে মিথ্যাচারের অভিযোগ তুলে

বিজেপি সদস্যরা স্লোগান দিতে দিতে সভা থেকে ওয়াক-আউট করেন। এ প্রসঙ্গে মুখ্যমন্ত্রী আবারও সভায় জানান, ঐ দিনের বৈঠকে চন্দ্রবাবু নাইডু এবং বিজেপির মুখ্যমন্ত্রীদের ২০-২৫ মিনিট বলার সুযোগ দেওয়া হলেও তাঁর মাইক মাত্র ৫ মিনিট বলার পরই বন্ধ করে দেওয়া হয়। শনিবার মাঝপথে বৈঠক ছেড়ে বেরিয়ে এসে সাংবাদিকদের কাছে একই অভিযোগ করেছিলেন তিনি। যদিও কেন্দ্রের তরফে সেই অভিযোগ খারিজ করে দেওয়া হয়।

এর আগে, নিন্দা প্রস্তাব উত্থাপন করে মন্ত্রী মানস ভুঁইঞা বলেন, নীতি আয়োগের বৈঠকে যে অগণতান্ত্রিক আচরণ করা হয়েছে, গোটা দেশ তার সাক্ষী।

বিজেপির সমালোচনার জবাবে অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় বলেন, বিধানসভা পরিচালনার নিয়ম অনুযায়ী তিনি আলোচনায় সম্মতি দিয়েছেন। বিধানসভায় গৃহীত এই প্রস্তাবটি কেন্দ্রের কাছে পাঠানো হবে।

-------------------------------

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি, উত্তরবঙ্গে বন্যা পরিস্থিতি মোকাবিলায় ইন্দো - ভুটান নদী কমিশন গঠনের জোরালো দাবি জানিয়েছেন। বিধানসভায় গতকাল এ সংক্রান্ত প্রস্তাবের উপর আলোচনায় অংশ নিয়ে মুখ্যমন্ত্রী বলেন, দিল্লীতে নীতি আয়োগের বৈঠকেও রাজ্যের এই দাবি তিনি নথিবদ্ধ করিয়ে এসেছেন। প্রস্তাবিত কমিশন, ভুটান পাহাড় থেকে সৃষ্ট নদীগুলির উপর নিরন্তর নজরদারি চালাবে এবং এরাজ্যের সরকারের সঙ্গে নিয়মিত তথ্যের আদান প্রদান করবে, যাতে মানুষকে সতর্ক করা যায়। কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে উত্তরবঙ্গের মানুষকে বঞ্চনার অভিযোগ তুলে মুখ্যমন্ত্রী বলেন, নির্বাচনে অনেক আসন পেলেও সেখানকার মানুষের প্রতি, বিজেপি শাসিত কেন্দ্রীয় সরকারের বিন্দুমাত্র

মমত্ব নেই। উল্টে বাংলা ভাগের চক্রান্ত করা হচ্ছে। বাজেটে প্রতিবেশী বিহার, আসামে বন্যা প্রতিরোধে অর্থ বরাদ্দ করা হলেও পশ্চিমবঙ্গকে এক পয়সাও দেওয়া হয়নি। ইন্দো - ভুটান নদী কমিশন গঠনের দাবিতে রাজ্য বিধানসভার প্রতিনিধি দল, দিল্লি পাঠানো হবে বলেও মুখ্যমন্ত্রী জানান।

বাংলাদেশের সঙ্গে তিস্তার জলবন্টন চুক্তি রাজ্য সরকার কখনোই মানবে না বলে মুখ্যমন্ত্রী স্পষ্ট জানিয়ে দেন।

অন্যদিকে, রাজ্যের সঙ্গে আলোচনা না করেই কেন্দ্রীয় সরকার, একতরফা ফারাক্কা চুক্তি পুনর্নবীকরণের চেষ্টা করছে বলে মুখ্যমন্ত্রী অভিযোগ করেন। তিনি বলেন, গঙ্গা পদ্মার ভাঙনের কারণে মালদা, মুর্শিদাবাদের ৩ হাজার ৭৭৩ হেক্টর কৃষি ও বাস্তু জমি তলিয়ে গেছে। দীর্ঘদিন সংস্কার না হওয়ার কারণেই ফরাক্কা ব্যারেজ সংলগ্ন ১৬৩ দশমিক ৫ কিলোমিটার এলাকা ভাঙ্গনের কবলে পড়ছে বলে তাঁর দাবি।

বিজেপি বাংলা ভাগের বিরুদ্ধে বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারি স্পষ্ট জানিয়েছেন। অনুপ্রবেশ রুখতে রাজ্যের একাংশকে নিয়ে কেন্দ্রশাসিত অঞ্চল ঘোষণার যে দাবি দলের বিধায়করা জানিয়েছেন, সে প্রসঙ্গে গতকাল সাংবাদিকদের প্রশ্নের উত্তরে শুভেন্দু বলেন, এব্যাপারে বিজেপির অবস্থান স্পষ্ট।

--------------------------------

পূর্ব মেদিনীপুরের খানাকুল এবং ঘাটালের বন্যা নিয়ন্ত্রণে বহু প্রতীক্ষিত ঘাটাল মাস্টার প্ল্যানের কাজ খুব শীঘ্রই শুরু হবে। এ জন্য বিস্তারিত প্রজেক্ট রিপোর্ট তৈরি হয়ে গেছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি জানিয়েছেন। বিধানসভায় ভারত ভুটান নদী

কমিশনের প্রস্তাব নিয়ে আলোচনার সময় মুখ্যমন্ত্রী বলেন, প্ল্যানটি বাস্তবায়িত হতে দু' তিন বছর সময় লাগবে।

উল্লেখ্য, ঘাটাল মাস্টার প্ল্যানের জন্য কেন্দ্র অর্থ বরাদ্দ না করলে রাজ্যে সরকার নিজেরাই এই প্রকল্প রূপায়ণ করবে বলে মুখ্যমন্ত্রী আগেই জানিয়েছিলেন।

গঙ্গাসাগর মেলায় যাতায়াতের সুবিধার বিষয়ে মুখ্যমন্ত্রী জানান, মুড়িগঙ্গা নদীর উপর প্রস্তাবিত সেতু তৈরির জন্য ডিপিআর ইতিমধ্যেই কাজ শুরু করেছে।

--------------------------------

চলতি বছরের গোড়ার দিক থেকেই খবরের শিরোনামে আসা উত্তর ২৪ পরগনার সন্দেশখালির বর্তমান পরিস্থিতি খতিয়ে দেখতে রাজ্য সরকার সেখানে প্রতিনিধি পাঠানোর সিদ্ধান্ত নিয়েছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির নির্দেশে দমকল মন্ত্রী সুজিত বসু আগামী শনিবার সন্দেশখালি গিয়ে সেখানকার বাসিন্দাদের নিরাপত্তার কথা মাথায় রেখে বর্তমান পরিস্থিতি নিয়ে জেলা ও ব্লক প্রশাসনিক কর্তাদের সঙ্গে কথা বলবেন বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে। পরিস্থিতি খতিয়ে দেখে দমকল মন্ত্রী রিপোর্ট দেবেন। পাশাপাশি সন্দেশখালিতে ফাঁকা থাকা তৃণমূল কংগ্রেসের বেশ কিছু সাংগঠনিক পদ পূরণ করার জন্য বিধায়ক সুকুমার মাহাতো কে নাম প্রস্তাবের নির্দেশ দেওয়া হয়েছে বলেও জানা গেছে।

--------------------------------

সরকারি জমি দখল রুখতে উত্তরবঙ্গে দার্জিলিং, কালিম্পং, মিরিক ও কার্শিয়াং এ সব সরকারি জমিতে গোর্খাল্যান্ড টেরিটোরিয়াল অ্যাডমিনিস্ট্রেশন জিটিএ র বোর্ড

লাগানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এই জায়গাগুলিতে যে যে জমিতে রাজ্য সরকারের জমি হিসেবে বোর্ড দেওয়া হয়েছে, সেগুলি খুলে জিটিএ র বোর্ড লাগানোর প্রস্তুতি শুরু হয়েছে বলে নবান্নে ভূমি ও ভূমি সংস্কার দপ্তর সূত্রে জানা গিয়েছে।

--------------------------------

কলকাতা হাইকোর্ট, পূর্ব মেদিনীপুরের ময়নায় বিজেপি কর্মী খুনের মামলায় ৫ অভিযুক্তের আগাম জামিনের আবেদন খারিজ করে দিয়েছে। গত বছর মে মাসে পঞ্চায়েত ভোট চলাকালীন গোড়ামহল গ্রামে বিজেপির বুথ সভাপতি বিজয় কৃষ্ণ ভুঁইয়াকে বাড়ি থেকে তুলে নিয়ে গিয়ে কুপিয়ে খুন করার অভিযোগ ওঠে। গোড়া থেকেই রাজ্য পুলিশের বিরুদ্ধে তদন্তে গাফিলতির অভিযোগ তুলেছিল মৃতের পরিবার। হাইকোর্টের দ্বারস্থ হয় তারা। সেখানে গত এপ্রিলে মামলার তদন্তভার এনআইএ-র হাতে যায়। বিচারপতি সৌমেন সেন এবং বিচারপতি উদয় কুমারের ডিভিশন বেঞ্চ গতকাল জানিয়েছে, মামলার তদন্ত যে পর্যায়ে রয়েছে, তাতে অভিযুক্তদের জামিন মঞ্জুর হলে তদন্ত প্রক্রিয়ায় প্রভাব পড়তে পারে।

--------------------------------

টেট পাশ করার পরেও যাঁরা এখনো শংসাপত্র পাননি তাঁদের অবিলম্বে তা দেওয়ার জন্য প্রাথমিক শিক্ষা পর্ষদকে নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট। ২০১৪ সালের টেটে পাস করার পরেও শংসাপত্র না পাওয়ার অভিযোগে হাইকোর্টে মামলা করেছিলেন কয়েকজন চাকরিপ্রার্থী। গতকাল বিচারপতি অমৃতা সিনহা নির্দেশ দেন, আগামী ১৩ অগস্টের মধ্যে মামলাকারীদের শংসাপত্র দিতে হবে প্রাথমিক শিক্ষা পর্ষদকে। এ ব্যাপারে আগেই প্রাথমিক শিক্ষা পর্ষদ জানিয়েছিল, সিবিআই তদন্ত চলছে।

ফলে তাদের কাছে কোন শংসাপত্র নেই। সিবিআই নথি বাজেয়াপ্ত করেছে। সিবিআই এই দাবি খারিজ করে দিয়েছিল। বিচারপতি আজ নির্দেশ দিয়েছেন, ২০১৪ সালের টেটের ১ লক্ষ ২৬ হাজার উত্তীর্ণ প্রার্থীকে শংসাপত্র পর্ষদকে আবার দিতে হবে।

--------------------------------

রাজ্যে ৩৬ টি বিশ্ববিদ্যালয়ে খুব শীঘ্র স্থায়ী উপাচার্য নিয়োগ হবে বলে সুপ্রিম কোর্ট জানিয়েছে। বিচারপতি সূর্যকান্তের বেঞ্চ জানিয়েছে, রাজ্যের ১২ টি বিশ্ববিদ্যালয়ে প্রথমে প্রোটেম উপাচার্যের নিয়োগের কথা থাকলেও, এখন সরাসরি উপাচার্য নিয়োগ করা হবে। শীর্ষ আদালতে নিযুক্ত সার্চ কাম সিলেকশন কমিটির যেসব সদস্য নিজেরাই উপাচার্য হতে ইচ্ছুক, তাদের নাম কমিটি থেকে বাদ দেওয়া হচ্ছে।

এদিকে, কলকাতা হাইকোর্টের ২৫ হাজার স্কুল শিক্ষক নিয়োগের রায়ের বিরুদ্ধে সুপ্রিম কোর্টের আরও একটি আবেদন জমা পড়েছে। প্রধান বিচারপতির বেঞ্চ জানিয়েছে, মূল মামলার সঙ্গে এটি আগস্ট মাসে শুনানির জন্য গ্রহণ করা হবে।

--------------------------------

রেশন বন্টন দুর্নীতি মামলায় ইডি আজ উত্তর ২৪ পরগণার একাধিক জায়গায় একযোগে তল্লাশি শুরু করেছে। রাজারহাটেও চলছে তল্লাশি। বসিরাহেটর সংগ্রামপুরে খাদ্য মন্ত্রী জ্যোতিপ্রিয় মল্লিকের ঘনিষ্ঠ আব্দুল বারিক বিশ্বাসের প্রাসাদোপম বাড়ি আজ দিনের আলো ফোটার আগেই কেন্দ্রীয় তদন্ত সংস্থার আধিকারিকরা ঘিরে ফেলেন। গরু ও কয়লা পাচারকান্ডের মামলায় একাধিকবার আব্দুলের নাম জড়িয়ে ছিল। সোনা পাচারের অভিযোগে সিআইডির হাতে গ্রেপ্তারও হন তিনি। বাড়ির পাশের রাইস মিলেও গেছেন আধিকারিকরা। তার রাজারহাটের দুটি ফ্ল্যাটে চলছে তল্লাশি।

অন্যদিকে, দেগঙ্গা ব্লকের বেরাচাপায় আরও একটি রাইস মিলে তদন্তকারী আধিকারিকরা পৌঁছেছেন।

--------------------------------

পরিচালক-কলাকুশলী সংঘাতের জেরে টালিগঞ্জ স্টুডিও পাড়ায় অচলাবস্থা কাটেনি। বন্ধ রয়েছে সিনেমা, সিরিয়াল, ওটিটি প্ল্যাটফর্মের সমস্ত শ্যুটিং। অভিনেতা প্রযোজক প্রসেনজিত্ চট্টোপাধ্যায়ের বাড়িতে গৌতম ঘোষ, রাজ চক্রবর্তী, ইন্দ্রনীল রায় চৌধুরী সহ পরিচালকরা গতকাল বৈঠকে বসেন। পরে সাংবাদিকদের গৌতম ঘোষ বলেন, যে অচলাবস্থা চলছে, তাঁরা তার অবসান চান। তবে পরিচালকদের প্রাপ্য সম্মান দিতেই হবে। পুরনো নিয়মকানুন না বদলালে স্টুডিওর কাজ বাড়বেনা।

অন্যদিকে, টেকনিশিয়ানদের ফেডারেশন, পরিচালক রাহুল মুখোপাধ্যায়কে বয়কটের সিদ্ধান্তে এখনও অনড়। ফেডারেশনের সভাপতি স্বরূপ বিশ্বাসের দাবি, তারা কাউকে শ্যুটিং-এ বাধা দেননি। পুরোটাই পূর্ব পরিকল্পিত।

উল্লেখ্য, ফেডারেশনকে না জানিয়ে রাহুল মুখোপাধ্যায়ের বাংলাদেশে গিয়ে ওটিটি প্ল্যাটফর্মের জন্য কাজ করাকে কেন্দ্র করেই অচলাবস্থার সূচনা। প্রযোজক, অভিনেতা-অভিনেত্রীরাও পরিচালকদের পাশে দাঁড়িয়েছেন। দুপক্ষ পরস্পরের কাছে গ্রহণযোগ্য কোনো সমাধানে পৌঁছতে পারে কিনা, সেটাই দেখার।

--------------------------------

আড়িয়াদহকান্ডের রেশ কাটতে না কাটতেই বেলঘরিয়ায় কলেজ পড়ুয়াকে সারারাত ক্লাবে আটকে রেখে মারধরের অভিযোগ উঠেছে। সায়ন্তন রায় নামে সবুজ

পল্লীর বাসিন্দা ঐ কলেজ ছাত্রের অভিযোগ, রথের দিন তার দুই বন্ধুকে, বেলঘরিয়া আদর্শ পল্লীর সুরহিত ক্লাবের সদস্য দেবজিত দে ওরফে রানা, রাকেশ ভৌমিক ও আরও কয়েকজন মারধর এবং অশ্রাব্য গালিগালাজ করে। সে তার প্রতিবাদ করায় গত ১২ ই জুলাই ক্লাবে সারারাত আটকে রেখে হকি স্টিক দিয়ে মারা হয়। জোর করে মদ্যপান করানো হয় বলে সায়ন্তনের অভিযোগ। পরে ফোনে তাকে হুমকিও দেওয়া হয়। গতকাল সায়ন্তন আড়িয়াদহ নিলোনী ণাঠে কলেজের পিকনিকে যোগ দিয়েছিল। সেখানেও তার ওপর হামলা চালানো হয় বলে অভিযোগ। বেলঘরিয়া থানায় এফআইআর দায়ের করা হয়েছে। তবে এখনও পর্যন্ত গ্রেপ্তারের কোনো খবর নেই। আজ তাঁর বয়ান রেকর্ড করে পুলিশ। গোটা ঘটনায় আতঙ্কিত সায়ন্তন ও তার পরিবার।

অন্যদিকে, পার্টি অফিসে সালিশি সভা বসিয়ে এক ব্যক্তিকে বেধরক মারধরের অভিযোগ উঠেছে তৃণমূল কংগ্রেসের রাজারহাট-বিষ্ণুপুর এক নম্বর গ্রাম পঞ্চায়েতের সদস্য রক্তিম করের বিরুদ্ধে। গৌতম সরকার নামে আক্রান্ত ব্যক্তি রাজারহাট থানায় অভিযোগ দায়ের করেছেন। গৌতমের দাবি, একটি বেসরকারি ঋণদাতা সংস্থায় কাজ করেন তিনি। অনির্বান সরকার নামে রাজারহাট দেয়াড়ার এক বাসিন্দার সঙ্গে তাঁর কমিশনের ভাগ বাটোয়ারা নিয়ে সমস্যার মীমাংসা করার নামে গত শনিবার সন্ধ্যায় পার্টি অফিসে সালিশি সভায় ডেকে এনে রক্তিম ও তার দলবল প্রথমে তার মোবাইল কেড়ে নিয়ে ফরম্যাট করে দেয়। এরপর বেধরক মারধর করা হয় তাকে। যদিও অভিযোগ অস্বীকার করেছেন পঞ্চায়েত সদস্য।

--------------------------------

পন্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের প্রয়াণ দিবস উপলক্ষে নৈহাটির বঙ্কিম ভবন ও গবেষণা কেন্দ্রে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। "বিদ্যাসাগর এবং বঙ্কিমচন্দ্র" শিরোনামে আলোচনায়, বিশিষ্ট প্রাবন্ধিক ও নজরুল গবেষক বাঁধন সেনগুপ্ত বলেন, মানবতার চর্চাই ছিল বিদ্যাসাগরের ধর্মাচরণ। অন্যদের মধ্যে বক্তব্য রাখেন ক্যান্সার বিশেষজ্ঞ ও বিদ্যাসাগর গবেষক ডাঃ শংকর কুমার নাথ, সাহিত্যিক সাধন চট্টোপাধ্যায় প্রমূখ। অনুষ্ঠানে জীবনী গবেষক দেবজ্যোতি নারায়ণ রায় সম্পাদিত "বিদ্যাসাগর দ্বিশতবর্ষে" বইটি প্রকাশিত হয়।

--------------------------------

জয় দিয়ে ডুরান্ড কাপ অভিযান শুরু করলো ইস্টবেঙ্গল। সল্টলেকের যুবভারতী ক্রীড়াঙ্গনে গত সন্ধ্যায় ইস্টবেঙ্গল ৩-১ গোলে ভারতীয় বায়ুসেনাকে হারিয়ে দিয়েছে। খেলার ১৯ মিনিটে সোমানন্দ সিং এর গোলে বায়ুসেনা এগিয়ে যায়। ৪৩ মিনিটে ইস্টবেঙ্গলের হয়ে সমতা ফেরান ডেভিড লালহানসাঙ্গা। দ্বিতীয়ার্ধে ম্যাচের ৬১ মিনিটে লাল হলুদের হয়ে ব্যবধান বাড়ান দিমিত্রিয়স দিয়ামানতাকোস। ৬৮ মিনিটে তৃতীয় গোল করে ইস্টবেঙ্গলের জয় সুনিশ্চিত করেন সাউল ক্রেসপো।

--------------------------------

আজ মোহনবাগান দিবস। এই উপলক্ষ্যে ক্লাবে আয়োজিত এক অনুষ্ঠানে ভারতের ক্রিকেট দলের প্রাক্তন অধিনায়ক সৌরভ গাঙ্গুলিকে মোহনবাগান রত্ন সম্মান প্রদান করা হয়। ক্লাব সচিব দেবাশিষ দত্ত সৌরভের হাতে এই সম্মান তুলে দেন। মোহনবাগান রত্ন সম্মানে ভূষিত হওয়ার পর সৌরভ বলেন, ভারতীয় ফুটবলকে এগিয়ে নিয়ে যাওয়ার লক্ষ্যে মোহনবাগান ক্লাবের বড় অবদান রয়েছে। ১৯১১ সালে ঐতিহাসিক আই এফ এ

শিল্ড জয় মোহনবাগানকে বিশ্ব ফুটবলের মানচিত্রে বিশেষ স্থান করে দিয়েছে। মোহনবাগান ক্লাবের সঙ্গে তার খেলোয়াড়ি জীবনের স্মৃতি সৌরভ তুলে ধরেন।

মোহনবাগানের প্রাক্তন খেলোয়াড় বিমল মুখার্জিকে এবার মরণোত্তর জীবনকৃতি পুরস্কার দেওয়া হয়। এছাড়া দিমিত্রি পেত্রাতোস সেরা ফুটবলার, মনবীর সিং সেরা ফরোয়ার্ড, সুহেল ভাট সেরা উদীয়মান ফুটবলার ও অভিলিন ঘোষ সেরা ক্রিকেটারের পুরস্কার পেয়েছেন।

মোহনবাগান দিবস উপলক্ষ্যে উত্তর কলকাতার মোহনবাগান লেন থেকে এক বর্ণাঢ্য শোভাযাত্রা 'অমর একাদশ জ্যোতি' মোহনবাগান মাঠে এসে শেষ হয়। এই উপলক্ষ্যে প্রাক্তন ফুটবলারদের একটি প্রদর্শনী ম্যাচেরও আয়োজন করা হয়েছিলো। এদিনের অনুষ্ঠানে ক্রীড়ামন্ত্রী অরূপ বিশ্বাস সহ বহু বিশিষ্ট ব্যক্তি উপস্থিত ছিলেন।

------------------------------ ------------------------------